বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ক্রেডিট বিভাগ

ফোন ঃ ৯৫৫০৪০৩
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬১২১১

সূত্র নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/ ২৬৭ তারিখঃ ২১/০৭/২০২০

**১৫/০৭/২০২০ তারিখে প্রধান কার্যালয়ের পর্ষদ সভা কক্ষে অনুষ্ঠিত COVID-১৯ এর প্রনোদনা প্যাকেজ বাস্তবায়ন এর কার্যক্রম পরিধারণ (Monitoring) কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

১৫/০৭/২০২০ তারিখ রোজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের পর্ষদ সভা কক্ষে উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ জনাব মোঃ আফজাল করিম মহোদয়ের সভাপতিত্বে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সংকট মোকাবেলার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কৃষি, কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প ও সিএমএসএমই খাতে জারীকৃত প্যাকেজসমূহের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য ০৪/০৬/২০২০ তারিখের ক্রেডিট বিভাগের প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ এবং সংশ্লিষ্ট বিভাগের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | নাম | পদবী | বিভাগ/কার্যালয় |
|---|---|---|---|
| ০১. | জনাব শিরীন আখতার | উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ | বাংলাদেশ কৃষি ব্যাংক |
| ০২. | জনাব মোঃ কাইসুল হক | উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ | বাংলাদেশ কৃষি ব্যাংক |
| ০৩. | জনাব মোঃ আজিজুল বারী | মহাব্যবস্থাপক | প্রশাসন মহাবিভাগ |
| ০৪. | জনাব জহিরুল ইসলাম ভূইয়া | মহাব্যবস্থাপক এর দায়িত্বে | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা |
| ০৫. | জনাব মোঃ মনিরুল ইসলাম | উপমহাব্যবস্থাপক | শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ণ বিভাগ |
| ০৬. | মোহাম্মদ মঈনুল ইসলাম | সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) ও সদস্য সচিব | ক্রেডিট বিভাগ |

** উল্লেখ্য, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন এবং ঋণ আদায় মহাবিভাগ) এর অতিরিক্ত দায়িত্বে মহাব্যবস্থাপক (প্রশাসন) নিয়োজিত আছেন।

০২। সভায় সভাপতি মহোদয় অবহিত করেন যে, নভেল করোনা ভাইরাস (COVID-19)- বৈশ্বিক মহামারির প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় সরকার কর্তৃক মোট ১,০৩,১১৭ কোটি টাকার বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। সরকারের নির্দেশনায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্যাকেজসমূহ বাস্তবায়নের জন্য ৬৬টি সার্কুলার জারি করা হয়েছে। ঘোষিত নীতিমালার আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নীতিমালা ও প্রদত্ত লক্ষ্যমাত্রার আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ইতোমধ্যে বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক মাঠ কার্যালয়ে নির্দেশনা পত্র জারী করা হয়েছে। সভায় উপস্থাপিত তথ্য অনুযায়ী কৃষি খাতে মোট বরাদ্দকৃত ৫০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম (বিকেবি'র অনুকূলে বরাদ্দকৃত ১১৯৯ কোটি টাকা) এর আওতায় এসিডি সার্কুলার নং-০১/২০২০ (শস্য ও ফসল খাত ব্যতীত কৃষির অন্যান্য চলতি মূলধন নির্ভরশীল খাত যথা- হর্টিকালচার অর্থাৎ মৌসুম ভিত্তিক ফুল ও ফল চাষ, মৎস্য চাষ, পোল্ট্রি, ডেইরি ও প্রাণী সম্পদ খাত) এর অধীনে ৩০/০৬/২০২০ খ্রীঃ তারিখ পর্যন্ত বিকেবি'র বিতরণকৃত ঋণের সংখ্যা ৬,২৬৮টি, টাকার পরিমাণ প্রায় ১১৬৩৯.৩৯ লক্ষ, এসিডি সার্কুলার নং-০২/২০২০ (ধান গমসহ সকল দানা শস্য, অর্থকরী ফসল, শাক-সবজি ও কন্দাল ফসল চাষ) এর আওতায় বিতরণকৃত ঋণের সংখ্যা ২৮,৩০৫টি, টাকার পরিমাণ প্রায় ২১৪১৭.৯৩ লক্ষ। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ৫০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমে বর্ণিত খাতসমূহে চলতি মূলধন এবং শস্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ বিতরণের সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করে কার্যক্রম পরিচালনা করছে। নির্ধারিত সময় সীমার মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়নের জন্য জোর প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। তিনি আরও বলেন বিকেবি কর্তৃক ইতিমধ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছেঃ

চলমান পাতা-০২

**১৫/০৭/২০২০ তারিখে প্রধান কার্যালয়ের পর্ষদ সভা কক্ষে অনুষ্ঠিত COVID-১৯ এর প্রনোদনা প্যাকেজ বাস্তবায়ন এর কার্যক্রম পরিধারণ (Monitoring) কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

(ক) এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০ এবং এসিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭/০৪/২০২০ এর নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণের লক্ষ্যে মাঠকার্যালয়সমুহে নির্দেশনা প্রদান পূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিগত ২৭/০৪/২০২০, ০৩/০৫/২০২০ ও ০৭/০৬/২০২০ তারিখে সার্কুলার লেটার নং যথাক্রমে-১১১৯(১২৫০), ১১২৭(১২৫০) ও ১২৩৯(১২৫০) জারি করা হয়েছে।

(খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলারসমূহে উল্লেখিত নিদের্শনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সফল বাস্তবায়ন ও দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে উপ-ব্যবস্থাপনা পরিচালক এর সভাপতিত্বে ০৮(আট) সদস্য বিশিষ্ট উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সরাসরি তত্বাবধানে পরিচালিত হচ্ছে।

(গ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলারসমূহ বাস্তবায়নের গুরুত্ব ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে ব্যাংকের মাঠ পর্যায়ের ০৯টি বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপক ও ৫৪টি অঞ্চলের মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকবৃন্দের সাথে ০৪/০৫/২০২০ তারিখে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে অনলাইন ভিডিও কনফারেন্স এর আয়োজন করা হয়। উক্ত ভিডিও কনফারেন্সে অনলাইনে যুক্ত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব জাকিয়া সুলতানা। উক্ত সভায় বর্ণিত প্যাকেজসমূহ বিশেষ করে এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩/০৪/২০২০ এবং এসিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭/০৪/২০২০, এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ তারিখ ১৩/০৪/২০২০ এবং এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০ তারিখ ২৬/০৪/২০২০ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত বাস্তবায়নের নির্দেশ দেয়া হয়।

(ঘ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলারসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে পুনরায় ০৩/০৬/২০২০, ১০/০৬/২০২০, ১৫/০৬/২০২০ ও ১৭/০৬/২০২০ তারিখে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে অনলাইন ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বিকেবি'র মাঠ পর্যায়ের সকল মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও, প্রধান কার্যালয় হতে সাপ্তাহিক ভিত্তিতে বিভাগীয় সম্মেলন এর মাধ্যমে মাঠ কার্যালয়ের অগ্রগতি নিয়মিত পর্যালোচনা করা হচ্ছে।

(ঙ) বিকেবি'র নিজস্ব Web Loan Portal ডেভেলপ করার মাধ্যমে দৈনিক ভিত্তিতে বিতরিত ঋণের অগ্রগতির তথ্য মাঠকার্যালয় হতে সংগ্রহ ও মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(চ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ঋণ প্রণোদনা প্যাকেজসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিকেবি'র প্রতিটি শাখায় আবশ্যিকভাবে ২য় কর্মকর্তার তত্ত্বাবধানে একটি স্বতন্ত্র **Help Desk** গঠন করা এবং নভেল করোনা ভাইরাস (COVID-19) এর কারণে ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ সংক্রান্ত তথ্যাদি সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রতিটি শাখায় প্রদর্শন করার জন্য বিগত ২৮/০৬/২০২০ তারিখে সার্কুলার লেটার নং-১৪৮৩(১২০০) জারি করা হয়েছে।

(ছ) প্রতিটি শাখায় **Help Desk** গঠনের মাধ্যমে সম্ভাব্য গ্রাহকদের তথ্য প্রদান ও সরকার ঘোষিত প্যাকেজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সফল বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। সভায়, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয় ১৫/০৭/২০২০ ভিত্তিক (COVID-19) কারণে ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ এর বাস্তবায়ন সংক্রান্ত পারফরম্যান্স উল্লেখ করেন, যা নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্যাকেজের নাম | বিকেবি'র লক্ষ্যমাত্রা | ১৫/০৭/২০২০ ভিত্তিক অর্জন | | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | পরিমাণ | |
| ক) | নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সাবরাহের উদ্দেশ্যে ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনা নীতিমালাঃ এসিডি সার্কুলার নং-০১/২০২০ তারিখ ১৩/০৪/২০২০ | ১১৯৯.০০ | ৭১৯৩ | ১৩৪.৫৪ | ১১.২২% |
| খ) | নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় কৃষকের অনুকূলে প্রণোদনা সুবিধার আওতায় শষ্য ও ফসল খাতে ৪% রেয়াতি সুদ হারে কৃষি ঋণ প্রদান প্যাকেজ সার্কুলার নং-০২ তারিখ ০৭/০৪/২০২০ | বিকেবি'র নিজস্ব অর্থায়ন হতে বিতরণ করা হচ্ছে। | ৩০৪৮২ | ২২৯.৪১ | |

চলমান পাতা-০৩

**১৫/০৭/২০২০ তারিখে প্রধান কার্যালয়ের পর্ষদ সভা কক্ষে অনুষ্ঠিত COVID-১৯ এর প্রনোদনা প্যাকেজ বাস্তবায়ন এর কার্যক্রম পরিধারণ (Monitoring) কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| ক্রঃ নং | প্যাকেজের নাম | বিকেবি'র লক্ষ্যমাত্রা | ১৫/০৭/২০২০ ভিত্তিক অর্জন | | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | পরিমাণ | |
| গ) | সিএমএসএমই খাতের জন্যঃ করোনা ভাইরাস মোকাবেলায় বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা এস,এম,ই প্যাকেজঃ<br>এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ তারিখ ১৩/০৪/২০২০ (২০০০০ কোটি টাকার প্যাকেজ) এবং সার্কুলার নং-০২/২০২০ তারিখ ২৬/০৪/২০২০ (১০০০০ কোটি টাকার প্যাকেজ) | ১৩৪.০৭ | ৮৪২ | ৩১.৯৫ | ২৩.৮৩% |
| ঘ) | নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা হিসাবে সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্যাকেজঃ<br>বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ তারিখ ০২/০৪/২০২০, সার্কুলার নং-১৪/২০২০ তারিখ ০৮/০৪/২০২০, সার্কুলার নং-১৯/২০২০ তারিখ ১৫/০৪/২০২০, (৫০০০ কোটি টাকার প্যাকেজ) | | ৫ | ৩.৩৭ | |
| ঙ) | কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প খাতে বিতরিত চলতি মূলধন ঋণ খাতে 'Working Capital Under Stimulus Package'<br>বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ তারিখ ১২/০৪/২০২০<br>(৩০০০ কোটি টাকার প্যাকেজ) এবং সার্কুলার নং-১০/২০২০ তারিখ ২৩/০৪/২০২০, (১৫০০০ কোটি টাকার প্যাকেজ) | ৭৩.০০ | | বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। | |

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্লোক্ত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) নভেল করোনা ভাইরাস (COVID-19) কারণে ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ সংক্রান্ত পারফরম্যান্স সংশ্লিষ্ট প্রমোটারগণ স্ব স্ব অঞ্চল ও বিভাগের পারফরম্যান্স দৈনিক ভিত্তিতে মনিটরিং করবেন এবং পিছিয়ে পড়া শাখা, অঞ্চল ও বিভাগসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন (কার্যকরণঃ সংশ্লিষ্ট প্রমোটারগণ, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ ও ক্রেডিট বিভাগ);

(খ) এসিডি সার্কুলার নং-০১ ও ০২, এসএমইপিডি সার্কুলার নং ০১ ও ০২ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে দারিদ্র্য বিমোচনে বিশেষ ঋণ প্রদান কর্মসূচীর আওতায় ব্যাংকের নিজস্ব উৎস্য হতে ৩০০.০০ (তিন শত) কোটি টাকা ঋণ প্রদানের কর্মসূচির ১৫/০৭/২০২০ ভিত্তিক পারফরম্যান্স পর্যালোচনা করে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ অঞ্চলসমূহকে মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহোদয়ের স্বাক্ষরে এবং বিভাগীয় কার্যালয়সমূহকে উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের স্বাক্ষরে ব্যাখ্যা প্রদানের জন্য পত্র প্রেরণ করতে হবে (কার্যকরণঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ);

(গ) দৈনিক ভিত্তিতে বিকেবি'র নিজস্ব Web Loan Portal এ রিপোটিং যথাযথভাবে করতে হবে। বাংলাদেশ ব্যাংকে রিফাইন্যান্স ও সুদ ভর্তুকি দাবীর সকল বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; (কার্যকরণঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ ও ক্রেডিট বিভাগ);

(ঘ) এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় ৩০/০৯/২০২০ এর মধ্যে ঋণ বিতরণ সম্পন্ন করতে হবে বিধায় সকল বিধিবিধাণ অনুসরণপূর্বক এ ঋণ নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে। দৈনিক ভিত্তিতে আনুপাতিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে শাখা পর্যায়ে নিয়মিত তদারকী ও মনিটরিং এর মাধ্যমে অর্জন নিশ্চিত করতে হবে (কার্যকরণঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, ক্রেডিট বিভাগ, সকল মহাব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক)

০৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

29/09/2020

(মোঃ আফজাল করিম)
উপব্যবস্থাপনা পরিচালক-১
ও
সভাপতি, কোভিড-১৯ এর প্রনোদনা প্যাকেজ বাস্তবায়ন
কার্যক্রম পরিধারণ (Monitoring) কমিটি

**১৫/০৭/২০২০ তারিখে প্রধান কার্যালয়ের পর্ষদ সভা কক্ষে অনুষ্ঠিত COVID-১৯ এর প্রনোদনা প্যাকেজ বাস্তবায়ন এর কার্যক্রম পরিধারণ (Monitoring) কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/ ২৬৯(১২০০)

তারিখঃ ২১/০৭/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ০১, ০২, ০৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা, অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। কার্যবিবরণীটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৬। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।

০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

১০। নথি / মহানথি।

22/07/2020

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ও
সদস্য সচিব
COVID-১৯ এর প্রনোদনা প্যাকেজ বাস্তবায়ন এর কার্যক্রম
পরিধারণ (Monitoring) কমিটি